Time Taken

00:00

Mark Gained

1.'শিকারী বিড়াল গোঁফে চেনা যায়'- 'গোঁফে' কোন কারকে কোন বিভক্তি?

a. করণে ৭মী

b. কর্তায় ২য়া

c. অধিকরণে ৭মী

d. কর্মে ৪র্থ

Show Answer Show Explanation

Explanation: উত্তর: করণে ৭মী ব্যাখ্যা: করণ শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। কর্তা যা দ্বারা ক্রিয়া সম্পাদন করে, তাকে করণ কারক বলে। এ কারকে সাধারণত 'দ্বারা', 'দিয়ে', 'কর্তৃক' ইত্যাদি অনুসর্গ যুক্ত হয়। ক্রিয়াপদকে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তাই করণ কারক। ● করণ কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার। প্রথমা বা শূন্য বা অ বিভক্তি-ছাত্ররা বল খেলে, ডাকাতেরা গৃহস্বামীর মাথায় লাঠি মেরেছে। তৃতীয়া বা দ্বারা বিভক্তি-লাঙ্গল দ্বারা জমি চাষ করা হয়। সপ্তমীর এ বিভক্তি-ফুলে ফুলে ঘর ভরেছে, শিকারি বিড়াল গোঁফে চেনা যায়। সপ্তমীর তে বিভক্তি- এত শঠতা, এত যে ব্যাথা, তবু যেন মধুতে মাখা। লোকটা জাতিতে বৈষ্ণব। সপ্তমীর য় বিভক্তি-চেষ্টায় সব হয়, এ সুতায় কাপড় হয় না। সহায়ক বা উপায়। কর্তা যা দ্বারা ক্রিয়া সম্পাদন করে, তাকে করণ কারক বলে। এ কারকে সাধারণত 'দ্বারা', 'দিয়ে', 'কর্তৃক' ইত্যাদি অনুসর্গ যুক্ত হয়। ক্রিয়াপদকে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তাই করণ কারক। ● করণ কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার। প্রথমা বা শূন্য বা অ বিভক্তি-ছাত্ররা বল খেলে, ডাকাতেরা গৃহস্বামীর মাথায় লাঠি মেরেছে। তৃতীয়া বা দ্বারা বিভক্তি-লাঙ্গল দ্বারা জমি চাষ করা হয়। সপ্তমীর এ বিভক্তি-ফুলে ফুলে ঘর ভরেছে, শিকারি বিড়াল গোঁফে চেনা যায়। সপ্তমীর তে বিভক্তি- এত শঠতা, এত যে ব্যাথা, তবু যেন মধুতে মাখা। লোকটা জাতিতে বৈষ্ণব। সপ্তমীর য় বিভক্তি-চেষ্টায় সব হয়, এ সুতায় কাপড় হয় না।

2.ব্যায়ামে শরীর ভালো থাকে-বাক্যে 'ব্যায়ামে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

a. ক) কর্মে ৭মী

b. খ) অধিকরণে ৭মী

c. গ) অপাদানে ৭মী

d. ঘ) করণে ৭মী

Show Answer Show Explanation

Explanation: উত্তর: ঘ) করণে ৭মী ব্যাখ্যা: 'করণ' শব্দটির অর্থ: যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ, বা সহায়ককেই করণ কারক বলা হয়। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তা-ই করণ কারক। যেমন- নীরা কলম দিয়ে লেখে। (উপকরণ-কলম) 'ব্যায়ামে' শরীর ভালো হয়। (উপায়-ব্যায়াম) (উৎস- বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণী)

3.বিভক্তিহীন নামশব্দকে কী বলে-

a. নামপদ

b. প্রাতিপাদিক

c. প্রতিপাদিক

d. প্রাতিপদিক

Show Answer Show Explanation

Explanation: উত্তর: প্রাতিপদিক ব্যাখ্যা: যে পদ দ্বারা নাম বুঝায় থাকে নামপদ বলে। যে পদের পরবর্তী ক্রিয়ামূলের সঙ্গে কৃৎ প্রত্যয় যুক্ত হয় তাকে উপপদ বলে। বিভক্তিহীন নাম শব্দকে বলা হয় প্রাতিপদিক।

4."ফুলে ফুলে ভরেছে বাসর"- এ বাক্যে 'ফুলে ফুলে' কোন কারকে কোন বিভক্তি?

a. কর্মে ৭মী

b. করণে ৭মী

c. অধিকরণে ৭মী

d. অপাদানে ৭মী

Show Answer Show Explanation

Explanation: উত্তর: করণে ৭মী ব্যাখ্যা: ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককে করণ কারক বলে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে "কীসের দ্বারা " প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায় তাই করণ কারক। ফুলে ফুলে ভরেছে বাসর। কী দ্বারা ভরেছে বাসর? = ফুলে ফুলে। (করণ কারক)

5. “আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে?”- এখানে ‘রাঘবে’ কোন কারকে কোন বিভক্তি?

a. ক) অধিকরণে সপ্তমী

b. খ) অপাদানে সপ্তমী

c. গ) করণে সপ্তমী

d. ঘ) কর্মে সপ্তমী

Show Answer Show Explanation

Explanation: উত্তর: খ) অপাদানে সপ্তমী ব্যাখ্যা: যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। অপাদান কারকে বিভিন্ন বিভক্তির প্রয়োগ: ক. প্রথমা বা শূন্য বিভক্তি : বোঁটা-আলগা ফল গাছে থাকে না। খ. দ্বিতীয়া বা কে বিভক্তি : বাবাকে বড্ড ভয় পাই। গ. ষষ্ঠী বা এর বিভক্তি : যেখানে বাঘের ভয় সেখানে সন্ধে হয়। ঘ. সপ্তমী বা এ বিভক্তি : বিপদে মোরে করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা। য় বিভক্তি : টাকায় টাকা হয়।

6.‘ঘরেতে ভ্রমর এল গুণগুণিয়ে’- ঘরেতে কোন কারকে কোন বিভক্তি?

a. করণে ৭মী

b. কর্মে ৭মী

c. অধিকরণে ৭মী

d. অপাদানে ৭মী

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: অধিকরণে ৭মী।

ক্রিয়াকে 'কোথায়/ কখন/ কী বিষয়ে' দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই অধিকরণ কারক।

উদাহরণটিতে ক্রিয়াকে কোথায় দ্বারা প্রশ্ন করলে উত্তরে ঘরেতে পাওয়া যায় তাই ঘরেতে হলো অধিকরণে ৭মী বিভক্তি।

7.'<u>লোভে</u> পাপ, পাপে মৃত্যু'- বাক্যে 'লোভ' কোন কারক?

a. কর্মকারক

b. সম্প্রধান কারক

c. অপাদান কারক

d. করন কারক

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: অপাদান কারক।

<u>লোভে</u> পাপ, পাপে মৃত্যু।

এখানে, লোভ থেকে পাপ হচ্ছে বলে লোভ অপাদান কারক। কারণ, যা থেকে কিছু বিচ্যুত, গৃহিত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে।

এখানে লোভে মানে লোভ থেকে, তাই প্রদত্ত বাক্যটি অপাদান কারকে ৭মী।

উৎস: বাংলা ব্যাকরণ নবম দশম শ্রেণি ২০১৯ সংস্করণ।

8.'পূজা ফুল দিয়ে ঘর সাজায়।'- এই বাক্যে 'ফুল দিয়ে' কোন কারক?

a. কর্ম কারক

b. করণ কারক

c. অপাদান কারক

d. সম্প্রদান কারক

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: করণ কারক।

যার দ্বারা বা যার সাহায্যে ক্রিয়া সম্পাদিত হয় তাকে করণ কারক বলে। ‘করণ' শব্দের অর্থ উপায় বা সহায়। বাক্যের ক্রিয়াপদকে ‘কার দ্বারা' বা 'কী উপায়ে' জিজ্ঞাসা করলে যে উত্তর পাওয়া যায় তা-ই করণ কারক

যেমন:
- 'পূজা ফুল দিয়ে ঘর সাজায়।' - পূজা কী দিয়ে ঘর সাজায়? ফুল দিয়ে সুতরাং ‘ফুল’ করণ কারক।
- 'কাঠুরে কুড়াল দ্বারা গাছ কাটে।' – কাঠুরে কী দ্বারা গাছ কাটে? কুড়াল দ্বারা। কুড়াল’ করণ কারক।

## 9.'জমি থেকে ফসল পাই।'- বাক্যটিতে 'জমি থেকে' কোন কারক?

a. কর্ম কারক

b. করণ কারক

c. অপাদান কারক

d. অধিকরণ কারক

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: অপাদান কারক।

যা থেকে কোনো কিছু উৎপত্তি, বিচ্যুত, জাত, গৃহীত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয়, তাকে বলা হয় অপাদান কারক। বাক্যের ক্রিয়াপদকে কোথা হতে, কি থেকে, কিসের থেকে ইত্যাদি প্রশ্ন করলে উত্তরে যে কারক পাওয়া যায়, তা-ই হলো অপাদান কারক।

যেমন,
'জমি থেকে ফসল পাই।'

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ)।

## 10.'এ শরীরে প্রাণ নেই'- এখানে 'শরীরে' কোন কারকে কোন বিভক্তি?

a. অপাদানে ৭মী

b. করণে ৭মী

c. কর্মকারকে ৭মী

d. অধিকরণে ৭মী

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: অধিকরণ কারক।

ক্রিয়া সম্পাদনের কাল এবং আধারকে (সময় এবং স্থানকে) অধিকরণ কারক বলে। ক্রিয়াকে ‘কোথায়/ কখন/ কী বিষয়ে’ দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই অধিকরণ কারক।

যেমন:
- 'এ শরীরে প্রাণ নেই' এখানে ক্রিয়াকে ‘কোথায়' দিয়ে প্রশ্ন করলে উত্তর পাওয়া যায়, তাই এটি অধিকরণ কারক।

## 11.কোনটি অপাদান কারকের উদাহরণ?

a. গাছ থেকে কাঠ পাই।

b. শিক্ষককে জানাও।

c. মা বাড়িতে আছেন।

d. ফুলের গন্ধে ঘুম আসে না।

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: গাছ থেকে কাঠ পাই।

যে কারকে ক্রিয়ার উৎস নির্দেশ করা হয়, তাকে অপাদান কারক বলে। এই কারকে সাধারণত হতে’, ‘থেকে ইত্যাদি অনুসর্গ শব্দের পরে বসে।
যেমন –
- গাছ থেকে কাঠ পাই।
- কাপটা উঁচু টেবিল থেকে পড়ে ভেঙে গেল।

অন্যদিকে,
শিক্ষককে জানাও = কর্ম কারক।
ফুলের গন্ধে ঘুম আসে না = সম্বন্ধ কারক।
বাবা বাড়িতে আছেন = অধিকরণ কারক।

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ)।

## 12.'তোমার দেখা পেলাম না।' - বাক্যে 'তোমার' কোন কারকে কোন বিভক্তি?

a. কর্তায় ষষ্ঠী

b. কর্মে ষষ্ঠী

c. করণে ষষ্ঠী

d. সম্বন্ধ কারক

Show Answer Show Explanation

Explanation:
কর্মকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার:
(ক) প্রথমা বা শূন্য বা 'অ' বিভক্তি:
- ডাক্তার ডাক।
- আমাকে একখানা বই দাও। (দ্বিকর্মক ক্রিয়ার মুখ্য কর্ম)
- রবীন্দ্রনাথ পড়লাম, নজরুল পড়লাম, এর সুরাহা খুঁজে পেলাম না। (গ্রন্থ অর্থে বিশিষ্ট গ্রন্থকার প্রয়োগে)

(খ) দ্বিতীয়া বা 'কে' বিভক্তি: তাকে বল।
- 'রে' বিভক্তি: 'আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা'।

(গ) ষষ্ঠী বা 'র' বিভক্তি: তোমার দেখা পেলাম না।

(ঘ) সপ্তমীর 'এ' বিভক্তি: 'জিজ্ঞাসিবে জনে জনে।' (বীপ্সায়)

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

## 13.'ঘাটে নৌকা বাঁধা আছে।' - বাক্যে 'ঘাটে' কোন প্রকার আধারাধিকরণ?

a. অভিব্যাপক আধারাধিকরণ

b. ঐকদেশিক আধারাধিকরণ

c. কালারাধিকরণ

d. বৈষয়িক আধারাধিকরণ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: ঐকদেশিক আধারাধিকরণ

বিশাল স্থানের যে কোনো অংশে ক্রিয়া সংঘটিত হলে তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে।

যেমন -
→ পুকুরে মাছ আছে। (পুকুরের যে কোনো একস্থানে)
→ বনে বাঘ আছে। (বনের যে কোনো এক অংশে)
→ আকাশে চাঁদ উঠেছে। (আকাশের কোনো এক অংশে)

- সামীপ্য অর্থেও ঐকদেশিক অধিকরণ হয়।
যেমন -
→ ঘাটে নৌকা বাঁধা আছে (ঘাটের কাছে)।
→ দুয়ারে দাঁড়ায়ে প্রার্থী, ভিক্ষা দেহ তারে (দুয়ারের কাছে)।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

14.'তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে।' - এখানে 'জলে' কোন কারকে কোন বিভক্তি?

a. কর্তায় সপ্তমী

b. কর্মে সপ্তমী

c. করণে সপ্তমী

d. অধিকরণে সপ্তমী

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: করণে সপ্তমী।

করণ কারক:

'করণ' শব্দটির অর্থ: যন্ত্র, সহায়ক বা উপায়।

• সপ্তমী বিভক্তির ব্যবহার:
- 'এ' বিভক্তি:
→ তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে।
→ শিকারি বিড়াল গোঁফে চেনা যায়।

- তে বিভক্তি:
→ 'এত শঠতা, এত যে ব্যথা, তবু যেন তা মধুতে মাখা।' - নজরুল।
→ লোকটা জাতিতে বৈষ্ণব।

- য় বিভক্তি:
→ চেষ্টায় সব হয়।
→ এ সুতায় কাপড় হয় না।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ); বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

## 15.'এক যে ছিলো রাজা।' - বাক্যে 'রাজা' কোন কারকে কোন বিভক্তি?

a. কর্মে শূন্য

b. অপাদানে শূন্য

c. কর্তায় দ্বিতীয়া

d. কর্তায় শূন্য

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: কর্তায় শূন্য।

কর্তৃকারক:
বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তা ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক। ক্রিয়ার সঙ্গে 'কে' বা 'কারা' যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই কর্তৃকারক।

* কর্তৃকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার
- প্রথমা শূন্য বা অ বিভক্তি: এক যে ছিলো রাজা।
- দ্বিতীয়া বা কে বিভক্তি: বশিরকে যেতে হবে।
- তৃতীয়া বা দ্বারা বিভক্তি: ফেরদৌসী কর্তৃক শাহনামা রচিত হয়েছে।
- ষষ্ঠী বা র বিভক্তি: আমার যাওয়া হয়নি।
- সপ্তমী বিভক্তি: চোরে না শুনে ধর্মের কাহিনি।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি (২০১৯ ও ২০২১ সংস্করণ) ও বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

16.কারক শব্দের বিশ্লেষণ করলে কী পাওয়া যায়?

a. √কৃ + রক

b. √কৃ + অক

c. √্কার + অক

d. √কৃষ্ + অক

Show Answer Show Explanation

Answer: b

17.'জ্ঞানে বিমল আনন্দ হয়।' - কোন কারক?

a. করণ

b. অপাদান

c. অধিকরণ

d. কর্ম

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: করণ।

জ্ঞানে বিমল আনন্দিত হয় - বাকস্থিত ক্রিয়াপদকে 'কীসের দ্বারা' প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় 'জ্ঞানে', তাই এটি করণ কারকে সপ্তমী বিভক্তি।

18.বাক্যে ক্রিয়ার সঙ্গে কোন পদের সম্পর্ককে কারক বলে?

a. বিশেষ্য ও বিশেষণ

b. বিশেষ্য ও সর্বনাম

c. বিশেষণ ও আবেগ

d. বিশেষ্য ও অনুসর্গ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: বিশেষ্য ও সর্বনাম।

19.অপাদান কারক কোনটি?

a. বনে বাঘ থাকে

b. ট্রেন স্টেশন ছেড়েছে

c. জিজ্ঞাসিব জনে জনে

d. সবগুলোই

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: ট্রেন স্টেশন ছেড়েছে।

বনে বাঘ থাকে - অধিকরণ।

জিজ্ঞাসিব জনে জনে - কর্ম কারক।

20.'পাপে বিরত হও' - বাক্যে 'পাপে' কোন কারক?

a. অপাদান কারক

b. করণ কারক

c. কর্মকারক

d. কোনোটিই নয়

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: অপাদান কারক।

যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে।

যেমন:

বিচ্যুত - গাছ থেকে পাতা পড়ে।
বিরত - পাপে বিরত হও।

P2A

About
BPSC Link
Privacy Policy
Terms & Conditions
Refund Policy

Helpline: 01329672052

© 2024 P2A All rights reserved